অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/30/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্ক্যানেকটেডিতে নতুন 37টি ইউনিট সহায়ক ও জরুরি আবাসন উন্নয়নের জন্য জাঁকজমকপূর্ণ উদ্বোধন ঘোষণা করেন

কারা হাউস গৃহহীনতার সম্মুখীন ব্যক্তিদের জন্য জরুরি আশ্রয় ও স্থায়ী সহায়ক আবাসন সরবরাহ করে

এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ ভাড়া ও পরিষেবা ভর্তুকি প্রদান করে

গভর্নর ক্যাথি হোকল আজ গৃহহীনতা মোকাবেলায় সহায়তা করার জন্য স্ক্যানেকটেডিতে স্থায়ী সহায়ক ও জরুরি আবাসনের 37ট ইউনিট সম্পন্ন করার ঘোষণা দিয়েছেন। বেথেসডা হাউস অভ স্ক্যানেকটেডি, ইনকর্পোরেটেড (Bethesda House of Schenectady, Inc.) কর্তৃক পরিচালিত কারা হাউসে স্থায়ী সহায়ক আবাসনের 26টি শয্যা এবং জরুরি আবাসনে 16টি বেড রয়েছে। যা 8.5 মিলিয়ন মার্কিন ডলারের উন্নয়নের অংশ হিসেবে তৈরি করা হয়েছিল।

"সফলভাবে গৃহহীনতা মোকাবেলা করার জন্য একটি বহুমুখী প্রক্রিয়ার প্রয়োজন যা আরো সাশ্রয়ী মূল্যের এবং সহায়ক আবাসন নির্মাণ এবং পরিষেবাগুলো সরবরাহের উন্নতির উপর দৃষ্টি নিবন্ধ করে যা নিউ ইয়র্কবাসীদের অত্যন্ত গুরুত্বপূর্ণ সমস্যাগুলো মোবাবেলা করতে সহায়তা করে যা তাদের গৃহহীনতার সম্মুখীন হওয়ার বিষয়ে অবদান রাখতে পারে," **গভর্নর হোকল বলেন।** "এই প্রকল্পটি স্ক্যানেকটেডি কাউন্টির অত্যন্ত প্রয়োজনীয় জরুরি ও স্থায়ী সহায়ক আবাসন ইউনিট পরিষেবাগুলোর জন্য রেডি অ্যাক্সেস সরবরাহ করার মাধ্যমে এই পদ্ধতিকে সুস্পষ্ট রূপ দান করে।"

কারা হাউজের 25 বিলিয়ন মার্কিন ডলারের বিস্তৃত আবাসন পরিকল্পনার পরিপূরক পুরো নিউ ইয়র্ক জুড়ে 100,000টি সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি বা সংরক্ষণ করবে, যার মধ্যে 10,000টি ঝুঁকিপুর্ণ জনগোষ্ঠীর জন্য সহায়তা পরিষেবা সহ এবং অতিরিক্ত আরো 50,000টি বাড়ির বৈদ্যুতিকরণ করা হবে।

নবনির্মিত তিনতলা ভবনটিতে গৃহহীন প্রাপ্তবয়স্কদের জন্য জরুরি আবাসনের 11টি ইউনিট এবং 16টি শয্যা রয়েছে, পাশাপাশি দীর্ঘস্থায়ী গৃহহীনতার সম্মুখীন বা কারাগারে থেকে কমিউনিটিতে পুনরায় প্রবেশ করছেন তাদের জন্য স্থায়ী সহায়ক আবাসনের 26টি ইউনিট রয়েছে।

প্রকল্পের মূলধনের মধ্যে রয়েছে অস্থায়ী ও প্রতিবন্ধী সহায়তা অফিস (Office of Temporary and Disability Assistance’s, OTDA) গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচি থেকে 6.4 মিলিয়ন মার্কিন ডলার। এছাড়াও, ফেডারেল হোম লোন ব্যাংক অভ নিউ ইয়র্ক (Federal Home Loan Bank of New York) 1 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে এবং স্ক্যানেকটেডি কাউন্টি, স্ক্যানেকটেডি সিটি, রাইট ফ্যামিলি ফাউন্ডেশন (Wright Family Foundation), নিল অ্যান্ড জেন (Neil & Jane), উইলিয়াম এন্ড এস্টেল গোলাব ফ্যামিলি ফাউন্ডেশন (William & Estelle Golub Family Foundation), স্ক্যানেকটেডি ফাউন্ডেশন (Schenectady Foundation), কার্লিলিয়ান ফাউন্ডেশন (Carlilian Foundation) এবং আর্নল্ড কগসওয়েল হেলথ কেয়ার ফান্ড (Arnold Cogswell Health Care Fund) গুরুত্বপূর্ণ অবদান রেখেছে।

অপারেটিং ফান্ডিং OTDA এর মাধ্যমে এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ দ্বারা সরবরাহ করা হবে।

গৃহহীনদের আবাসন সহায়তা কর্মসূচিটি লাভের উদ্দেশ্যহীন কর্পোরেশন, দাতব্য ও ধর্মীয় সংগঠন ও পৌরসভাগুলিকে সেই সকল মানুষের জন্য বাসস্থান অর্জন, নির্মাণ করতে বা পুনর্বাসন দিতে মূলধনী অনুদান ও ঋণ প্রদান করে যারা বিশেষ সহায়তা ছাড়া পর্যাপ্ত বাসস্থান পেতে অক্ষম। OTDA কর্মীদের দ্বারা চালিত একটি সরকারি সুবিধা কর্পোরেশন, নিউ ইয়র্ক স্টেট গৃহহীনদের আবাসন ও সহায়তা নিগম (New York State Homeless Housing and Assistance Corporation) দ্বারা একটি প্রতিযোগিতামূলক প্রক্রিয়ার মাধ্যমে অনুদানগুলি মঞ্জুর করা হয়।

নিউ ইয়র্ক স্টেট অফিস অব টেম্পোরারি অ্যান্ড ডিস্যাবিলিটি অ্যাসিসট্যান্সের ভারপ্রাপ্ত কমিশনার বারবারা সি. গুইন বলেন, "যারা গ্রহহীনতার অভিজ্ঞতা অর্জন করেছেন বা কারাবন্দী হওয়ার পরে কমিউনিটিতে ফিরে আসছেন, কারা হাউস তাদের জন্য অত্যন্ত প্রয়োজনীয় সহায়ক আবাসন, পাশাপাশি জরুরি আশ্রয় শয্যা সরবরাহ করছে। বেথেসদা হাউস এর কাজের জন্য ধন্যবাদ, এখানে বসবাসকারী লোকেরা কেবল নিরাপদ, স্থিতিশীল আবাসনই পাবে না, তবে তাদের জীবন পুর্ণগঠন এবং কমিউনিটির অংশ হিসেবে উন্নতি করার সুযোগ পাবে।"

প্রতিনিধি পল টঙ্কো বলেন, "বেথেসডা হাউসে নিবেদিত আইনজীবিদের সাথে তাদের নতুন উদ্যোগের উদ্বোধন উদাযাপনে যোগ দিতে পেরে আমি আনন্দিত: কারা হাউস। আবাসন, জরুরি ও সংকট সেবা এবং কেস ম্যানেজমেন্ট ও সামাজিক কাজের বিধানের মাধ্যমে কমিউনিটি ও এর সবচেয়ে দুর্বল নাগরিকদের জন্য বেথেসডা হাউসের সহায়তা দীর্ঘ সময় ধরে আমাদের সকলের কাছে একটি উদাহরণ হয়ে দাড়িঁয়েছে। এখন, কারা হাউজ চালু করার সাথে সাথে, এই গুরুত্বপূর্ণ কমিউনিটি সংগঠনটি জরুরি আবাসন স্থায়ী সহায়ক আবাসন এবং চিকিৎসার অবকাশ শয্যা সহ আরো গুরুত্বপূর্ণ পরিষেবা সরবরাহ করতে সক্ষম হবে। আমি এই প্রকল্পটিকে সহাযতা করতে পেরে গর্বিত, যা বেথেসডা হাউসের আরো ন্যায়সঙ্গত, অতিথিপরায়ণ এবং অন্তর্ভুক্তিমূলক কমিউনিটি গড়ে তোলার মিশনকে আরো এগিয়ে নিয়ে যাবে এবং আমি তাদের ভিশন এখন বাস্তবায়িত হতে দেখে খুব আনন্দিত।"

সিনেটর জিম টেডিস্কো বলেন, "আমরা যখন থ্যাঙ্কসগিভিং ও হলিডে সিজন শুরু করি, আমরা প্রায় আমাদের কমিউনিটির সেই সদস্যদের কথা চিন্তা করি যাদের চ্যালেঞ্জ রয়েছে এবং সাহায্যের জন্য কাউকে প্রয়োজন। এই নতুন সহায়ক ও জরুরি আবাসন ইউনিটগুলো আরো বেশি লোককে বাড়িতে বসবাস করার জন্য এবং জরুরি আশ্রয় প্রদান করার জন্য একটি জায়গা খুঁজে পেতে সহায়তা করবে, যা বিশেষভাবে গুরুত্বপূর্ণ কারণ আমরা শীতের ঠাণ্ডা মাসগুলোর দিকে অগ্রসর হচ্ছি। আমি গভর্নর হোকল এবং টেম্পোরারি অ্যান্ড ডিস্যাবিলিটি অ্যাসিস্ট্যান্ট স্টেট অফিসকে 44 তম সিনেট ডিস্ট্রিক্টে এই প্রকল্পের জন্য তাদের সহায়তার জন্য ধন্যবাদ জানাতে চাই।"

অ্যাসেম্বলি মেম্বার এঞ্জেল সান্তাবারবারা বলেন, "আমি কারা হাউসের সমাপ্তি উদযাপন করতে পেরে আনন্দিত - যা স্ক্যানেকটেডির গৃহহীন কমিউনিটির জন্য আশার প্রতীক। সহায়ক ও জরুরি আবাসন সহ এই যুগান্তকারী উদ্যোগটি আমাদের সবচেয়ে দুর্বল জনগোষ্ঠীর জন্য প্রয়োজনীয় পরিষেবাগুলোর সাথে সাশ্রয়ী মূল্যের বাড়ি স্থাপনের জন্য আমাদের অঙ্গীকারের উপর জোর প্রদান করে। কারা হাউস আমাদের সম্মিলিত প্রচেষ্টা ও অংশীদারিত্বের প্রমাণ হিসেবে কাজ করে যা স্ক্যানেকটেডিকে একটি উজ্জ্বল ভবিষ্যতের দিকে চালিত করে। একসাথে, আমরা কেবল বাড়িগুলো নির্মাণ করছি না, আমরা ভবিষ্যত গড়ে তুলছি।"

স্ক্যানেকটেডির মেয়র গ্যারি ম্যাকার্থি বলেন, "কারা হাউস আমাদের সিটির অব্যাহত উন্নয়নে একটি গুরুত্বপূর্ণ অবদানকারী। এই নতুন ফ্যাসিলিটি আমাদের জনসংখ্যার একটি দুর্বল অংশের জন্য নিরাপদ ও শালীন আবাসনের অনুমতি প্রদান করবে। আমি বেথেসডা হাউস প্রশাসনকে ৪.5 মিলিয়ন মার্কিন ডলারের এই প্রকল্পটিকে সম্ভব করার ক্ষেত্রে অর্থায়নের জন্য তাদের কাজের জন্য ধন্যবাদ জানাই।"

ফেডারেল হোম লোন ব্যাংক অভ নিউ ইয়র্কের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা জোসে আর. গঞ্জালেজ বলেন, "নিউ ইয়র্কের ফেডারেল হোম লোন ব্যাংকে আমরা জানি যে একটি স্থিতিশীল ও সহায়ক বাড়ি হলো সেই ভিত্তি যা থেকে ব্যক্তি ও কমিউনিটিগুলো বৃদ্ধি পায় এবং উন্নতি লাভ করে। কারা হাউস সেই ভিত্তি প্রদান করবে, বেথেসডা হাউস স্ক্যানেকটেডি জুড়ে অনেকের জীবনে ইতিবাচক প্রভাব ফেলতে যে গুরুত্বপূর্ণ কাজ করে তা অব্যাহত রাখবে।"

বেথেসডা হাউসের নির্বাহী পরিচালক কিমারি শেপার্ড বলেন, "আমাদের আবাসিক কর্মসূচির সম্প্রসারণ বেসরকারি ফাউন্ডেশনগুলো এবং দাতাদের সাথে স্টেট ও স্থানীয় সরকারি সংস্থাগুলোর একত্রিত হওয়ার একটি প্রমাণ, যারা সাশ্রয়ী মূল্যের আবাসনের গুরুতর প্রয়োজনীয়তা বোঝে এবং সহায়তা করে। স্ক্যানেকটেডির সবচেয়ে ঝুঁকিপূর্ণ লোকদের জন্য মর্যাদা ও সুরক্ষার একটি স্তর সরবরাহের জন্য নতুন আবাসনের প্রচার ও অর্থায়নে গভর্নর হোকলের নেতৃত্বে আমি বিশেষভাবে সন্তুষ্ট। 26টি নতুন সহায়ক আবাসন ইউনিট এবং 16টি জরুরি আশ্রয় শয্যা চালু করার সাথে, বেথেসডা হাউস অভ স্ক্যানেকটেডি এই কমিউনিটির জন্য গুরুত্বপূর্ণ এবং স্থায়ী সহায়তা সরবরাহ করে চলেছে।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন